

স্মারক নং-০৫.৪৩.৬৪৮৫.০০০.০৬.০০৬.২৪-১০৩৩

তারিখঃ ১৩/১২/১৪৩০ বঙ্গাব্দ  
২৭/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৬ মে ২০১৫ খ্রি. তারিখে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী “স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৪ ও ৭ বিধি এবং ২৫ মার্চ, ২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলার ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রাণীনগর উপজেলার পারইল ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের শূন্য পদে ০১(এক) জন “মহল্লাদার” পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ইউপি/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বয়সসীমা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	বেতন
০১.	পারইল ইউপি, ০২নং ওয়ার্ড	মহল্লাদার	০১	অনধিক ৩০ বছর	প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	=৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত টাকা (নির্ধারিত))

**শর্তাবলী :**


- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর, নওগাঁ সন্মুখীন করে আবেদন করতে হবে। আবেদনপত্র ১৭ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।
- ০৩। আবেদনকারী প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১৭/০৪/২০২৪ খ্রি: তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) ধর্ম (ট) বৈবাহিক অবস্থা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
- ০৪। আবেদনের সাথে (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি রসিদ ছবি। (গ) একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূলকপি (ঘ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি (চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ছ) প্রার্থী কোন বিশেষ কোটার প্রার্থী হলে এ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। (জ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকেট যুক্ত ৪.৫ ইঞ্চি ১০ ইঞ্চি সাইজের আবেদনকারীর ঠিকানা সম্বলিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৫। প্রার্থীর বয়স ১৭/০৪/২০২৪ খ্রি: তারিখে ২০ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।  
ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; বৃকের মাপ ৩০ (স্বাভাবিক; ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

(চলমান পাতা-০২)



খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে: সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; সর্বনিম্ন বুকের মাপ ২৮ (স্বাভাবিক; ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

- ০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।
- ০৭। চাকুরীর জন্য সরকারের নির্ধারিত কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।
- ০৮। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।
- ১০। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। অবসরপ্রাপ্ত মহান্নাদার এর পুত্র কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ১২। প্রথম ০৬(ছয়) মাস শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(উম্মে তাবাসসুম)

উপজেলা নির্বাহী অফিসার  
রাণীনগর, নওগাঁ।

ফোন-০২৫৮৮৮৮-৫৬০০১(দপ্তর)

ই-মেইল- unoraninagar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রাণীনগর, নওগাঁ  
(www.raninagar.gov.bd)

স্মারক নং-০৫.৪৩.৬৪৮৫.০০০.০৬.০০৬.২৪- *2024*


তারিখঃ ২৬/১২/১৪৩০ বঙ্গাব্দ  
২৭/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। উপজেলা-----অফিসার, রাণীনগর, নওগাঁ।
- ✓ ০২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাণীনগর, নওগাঁ (ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)
- ০৩। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, রাণীনগর, নওগাঁ।
- ০৪। -----
- ০৫। নোটিশ বোর্ড।

  
(উম্মে তাবাসসুম)

উপজেলা নির্বাহী অফিসার  
রাণীনগর, নওগাঁ